

লাইব্রেরি কমিশন গঠন করা হচ্ছে

দেশের গ্রন্থাগারের উন্নয়ন, আধুনিকীকরণ এবং দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য অচিরেই লাইব্রেরি কমিশন গঠন করা হচ্ছে। এই লক্ষ্যে সরকারকে যথাযথ ও সার্বজনিক পরামর্শ দেওয়ার জন্য সম্প্রতি বাংলা একাডেমীর চেয়ারম্যান প্রফেসর ড. ওয়াকিল আহমদকে আহ্বায়ক করে ১৩ সদস্য বিশিষ্ট একটি সমন্বয় কমিটি গঠিত হয়। গণগ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক এই কমিটির সদস্য সচিব। বাসস।

কমিটির অন্যান্য সদস্য হচ্ছেন বাংলা একাডেমীর মহাপরিচালক, সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়ের উপ সচিব-২, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক, জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক, নজরুল ইনস্টিটিউটের পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালক, তথা, বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান মহিউদ্দিন আহমদ, ইউনিভার্সিটি প্রেসের চেয়ারম্যান, গ্রন্থাগার সমিতির সভাপতি, আহমেদ পাবলিশিং হাউসের মেসবাহউদ্দিন আহমদ।

সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে প্রস্তাবিত এই লাইব্রেরি কমিশন গঠনের রপরেখা প্রণয়ন এবং লাইব্রেরি কমিশনের নামমতে আওতা ও কর্মপরিধি নির্ধারণের নিয়ম নিয়ে কমিটি ইতিমধ্যে কাজ শুরু করেছে। সাংস্কৃতিক মন্ত্রণালয় সূত্রে জানা যায়, অচিরেই লাইব্রেরি কমিশন গঠিত হবে।